**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইসিটি সেল
www.motj.gov.bd

স্মারক নং-নং-২৪.০০.০০০০.১১১.২০.০৩০.১৬- ১৭৭ তারিখঃ ০৪-১২-২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: প্রাকৃতিক তন্তু ,সূতা বা পাটের আঁশ দ্বারা তৈরী সূতি বস্ত্র ও পাট পণ্যে লোগো ব্যবহার সংক্রান্ত পরিপত্র প্রেরণ :

আপনি অবহিত আছেন যে, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের উদ্যোগে প্রাকৃতিক তন্তু ,সূতা বা পাটের আঁশ দ্বারা তৈরী সূতি বস্ত্র ও পাট পণ্যে ব্যবহারের জন্য একটি লোগো প্রণয়ন করা হয়েছে , যা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে । সে মোতাবেক , লোগো পরিচিতি ,ব্যবহার , নির্দেশিকা , লোগোর মাপ সম্বলিত একটি পরিপত্র প্রণয়ন ও জারী করা হয়েছে ।

বর্ণিত প্রেক্ষিতে, প্রাকৃতিক তন্তু, সূতা বা পাটের আঁশ দ্বারা তৈরী সূতি বস্ত্র ও পাট পণ্যে ব্যবহারের জন্য প্রস্তুতকৃত লোগোটি পরিপত্রের নির্দেশনা মোতাবেক ব্যবহার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

সংযুক্তি: পরিপত্র।

Nasir
০৪/১২/১৮

**(মো: নাসির উদ্দিন)**
সহকারী প্রোগ্রামার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
ফোন:৯৫৪৫০১৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

০১। চেয়ারম্যান , বিজেএমসি/বিটিএমসি/বাংলাদেশ তাঁত বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
০২। মহাপরিচালক, পাট অধিদপ্তর/বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, ঢাকা/রাজশাহী।
০৪। পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহী।
০৫। নির্বাহী পরিচালক, জেডিপিসি, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

০১। যুগ্মসচিব (প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইসিটি সেল
www.motj.gov.bd

নং-২৪.০০.০০০০.১১১.২০.০৩০.১৬- ১৭৬

তারিখ: ২০ অগ্রহায়ণ,১৪২৫ / ৪ ডিসেম্বর,২০১৮

## পরিপত্র

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের উদ্যোগে প্রাকৃতিক তন্তু ,সূতা বা পাটের আঁশ দ্বারা তৈরী সূতি বস্ত্র ও পাট পণ্যে ব্যবহারের জন্য একটি লোগো প্রণয়ন করা হয়েছে। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে যে কোনো ব্যক্তি ও প্রতিষ্ঠান এই লোগো ব্যবহার করতে পারবে। নিম্নে লোগো পরিচিতি,ব্যবহার বিধি, নির্দেশিকা, লোগোর মাপ বিস্তারিতভাবে বর্ণনা করা হলো:-

### ১. লোগো ব্যবহারের উদ্দেশ্যঃ

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে যুগ্ম সচিব প্রশাসন ও চিফ ইনোভেশন অফিসার জনাব খুরশীদ আলম" প্রাকৃতিক তন্তু,সূতা ও পাটের আঁশ দ্বারা প্রস্তুতকৃত বস্ত্র ও পাট পণ্য আলাদাভাবে পরিচিতির জন্য লোগো ব্রান্ডিং" – শীর্ষক ইনোভেশন আইডিয়া প্রদান করেন। এর পরিপ্রেক্ষিতে ইনোভেশন টিমের ০৮-০৮-২০১৮ তারিখের সভায় আইডিয়াটি বাস্তবায়নের জন্য গৃহীত হয়।আইডিয়াটি বাস্তবায়নের কার্যক্রম হিসেবে একজন বিশিষ্ট চিত্রকরকে দিয়ে ইনোভেশন টিমের সদস্যদের এ সংক্রান্ত পৃথক পৃথক ধারণাগুলোর বিভিন্ন দিক বিচার বিশ্লেষণ করে একটি লোগো তৈরী করা হয়।এ লোগো ব্যবহারের মাধ্যমে বিভিন্ন জুট ও টেক্সটাইল মিল বা উদ্যোক্তা কর্তৃক প্রাকৃতিক ভাবে উৎপাদিত তন্তু ,সূতা বা পাটের আঁশ দ্বারা প্রস্তুতকৃত বস্ত্র ও পাটজাত পণ্যকে কৃত্তিম তন্তু বা সূতা বা আঁশ দ্বারা প্রস্তুতকৃত বস্ত্র ও অন্যান্য পণ্য হতে আলাদা করে চিহ্নিত করা সম্ভব হবে। এছাড়াও লোগোটি ভোক্তাকে নিশ্চিত করবে যে, পণ্যটি পরিবেশ বান্ধব এবং প্রাকৃতিক তন্তু , সূতা বা পাটের আঁশ হতে তৈরী করা হয়েছে। সাধারণভাবে যে কোন পণ্য বাজারজাত, বিক্রয় , প্রসার বা বিপননের জন্য প্রচার করা ব্যয়বহুল তবে, এ লোগো ব্যবহারের মাধ্যমে কম খরচে এ সকল পণ্যের পরিচিত ও প্রচার করা সহজ হবে।

**Logo use objectives:**

As part of innovation activities of the Ministry of Textiles and Jute, Joint Secretary (Admin) and Chief Innovation Officer Mr. Khurshid Alam, has put forward an idea that all naturally produced textile and jute products made by natural fiber, string and jute fiber should be labeled with a logo to identify each product individually. This idea was accepted for implementation at the meeting by the innovation team on 08.08.2018. A logo was created by incorporating different ideas of the member of the innovation team and made possible through the work of a renowned artist. Through the use of this logo people can distinguish between products made from natural fiber, string and jute fiber and from similar products made artificially. Furthermore, this also ensures the consumer that the product is environment friendly and made from natural fiber, string and jute fiber. The publicity and advertisement cost of a product is usually very high but introducing this logo will reduce the cost of the publicity and promotion of products.

### ২। লোগো পরিচিতিঃ

পণ্যটি প্রাকৃতিক তন্তু, সূতা বা পাটের আঁশ দ্বারা তৈরী বুঝানোর জন্য লোগোটিতে মাটির উপর সবুজ পাতা খচিত একটি পাটগাছ, বস্ত্রখাত কে উপস্থাপনের জন্য তাঁতবস্ত্র তৈরির আদি উপকরণ সূতা কাটার চরকা এবং পাট দ্বারা উৎপাদিত পণ্য বুঝানোর জন্য নীচ হতে উপরের দিকে একটি পাটের তৈরি দঁড়ি চিত্রায়িত করা হয়েছে। ধারনা করা হচ্ছে এ লোগো ব্যবহারের ফলে বস্ত্র ও পাট পণ্যের পরিচিতি , বিপনন, বাজারজাত, রপ্তানি ও উৎপাদন অনেকাংশে বৃদ্ধি পাবে। পাট পণ্যের বিপণন ও বাজার বৃদ্ধি পেলে পাটের চাহিদা বাড়বে এবং কৃষক পাট চাষে উদ্বুদ্ধ হবে। সেই সাথে পাট চাষীদের জীবনযাত্রার মান দিন দিন আরও উন্নত হবে । বস্ত্র ও পাট পণ্য প্রাকৃতিক তন্তু , সূতা বা পাটের আঁশ হতে তৈরী এবং পরিবেশ বান্ধব বুঝানোর জন্য লোগোটিতে "*Natural*" শব্দটি লেখা হয়েছে।

Width: 171 pixels Heights: 207 pixels

**Logo Description:** To make people understand that the product is made from natural fiber, string and jute fiber, the logo is pictured as a jute plant planted on soil with green leaves,to portray the textile sector in the logo, a string-cutting wheel is introduced in the background behind the plant, to portray jute products, a rope is hung from the bottom to the top of the logo. It is presumed that with the introduction of this logo, the promotion, publicity, marketing, export and production of jute and textile products will increase vastly. The farmers will be encouraged to cultivate more jute if the marketing and demand of jute expands and accordingly the quality of life of the farmers will improve. Furthermore, the word "Natural" has been imprinted on the logo to make people understand that the product is made from natural fiber, string and jute fiber and environment friendly.

৩। **ব্যবহারঃ**

লোগো ব্যবহারের এই নির্দেশিকাটি প্রাকৃতিকভাবে উৎপাদিত তন্তু, সূতা বা পাটের আঁশ দ্বারা প্রস্তুতকৃত সকল সূতি বস্ত্র ও পাটজাত পণ্যে ব্যবহারের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**Instructions for use of the logo:** The following instructions are applicable to all cotton textile and jute products made from natural fiber, string and jute fiber.

৪। **নির্দেশিকাঃ**

ক) লোগোটি শুধুমাত্র প্রাকৃতিকভাবে উৎপাদিত সূতা, তন্তু বা পাটের আঁশ হতে তৈরী সূতি বস্ত্র ও পাট পণ্যে ব্যবহার করা যাবে।

খ) এই লোগো ব্যবহারের ক্ষেত্রে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত মাপের বাইরে কোন প্রকার বিকৃতি, আকার বা বর্ণ, রঙ পরিবর্তন,পরিবর্ধন,পরিমার্জন বা সংযোজন করতে পারবে না।

গ) লোগোটি পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরে নিবন্ধনের জন্য আবেদন করা হয়েছে। সনাক্তকরণের জন্য এই চিত্রটি নির্দিষ্ট তিনটি Pixel মাপের বাইরে বা নির্দিষ্ট রেজুলেশন এর কম বা বেশী উপস্থাপন বা ব্যবহার করা যাবে না।

ঘ) লোগোটি পাটজাত আঁশ বা প্রাকৃতিক তন্তু বা সূতা হতে বস্ত্র বা তৈরী পণ্য ব্যতিত অন্য কোন বস্ত্র ও পণ্যে ব্যবহার করা যাবে না।

ঙ) বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত নির্দেশিকা অনুসরণ করে যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান এই লোগো ব্যবহার করতে পারবে ।

চ) লোগো ব্যবহারের ক্ষেত্রে নির্দেশাবলি কঠোরভাবে মেনে চলতে হবে যাতে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এর জন্য কোন অনভিপ্রেত পরিস্থিতির সম্মুখীন হতে না হয়।

**Instructions:**

a. The logo is to be only used for cotton products made from natural fiber, string and jute fiber.

b. The logo cannot be modified, changed, altered by its color, shape, measurements from its original dimension as measured by the Ministry of Textiles and Jute.

c. An Application has filed for trademarks registration of logo before the Department of Patents, Designs and Trademarks. The logo cannot be used without the specified pixel sizes, resolutions cannot be increased or decreased.

d. The logo cannot be used on any products that are not produced from natural fiber, string and jute fiber.

e. The logo can be used by any person or organization by following the instructions of Ministry of Textiles and Jute.

f. While using the logo, the users must follow the instructions strictly and carefully so that they should not face any unacceptable situation.

৫। লোগোর মাপঃ


বিভিন্ন পণ্যে ব্যবহারের সুবিধার্থে লোগোটির ৩টি পৃথক পৃথক মাপ নির্ধারণ করা হয়েছে। যার pixel মাপ নিম্নরূপঃ

বড় : (Width=342px, Height=414px).

মাঝারি : (Width=171px, Height=207px).

ছোট : (Width=86px, Height=104px) এবং

একই সাথে বুঝার সুবিধার্থে বড়, মাঝারি ও ছোট লোগো এর ছবি ও মাপসহ আলাদা আলাদা ভাবে উপস্থাপন করা হলো।




**Logo Dimensions:**

For the convenience of use of the logo on different products three pixel sizes have been specified as followed:

Large : Width = 342 px, Height = 414px.

Medium: Width = 171 px, Height = 207px.

Small : Width = 86px, Height = 104px.

Furthermore, for the understanding of the logo, the photo of the Large, Medium and Small is printed with the measurements.

৬। লোগো পরিচিতি ,ব্যবহার , নির্দেশিকা , লোগোর মাপ জনস্বার্থে প্রণয়ন ও জারী করা হলো ।

Logo description, its use, instructions , size of the logo formulated and issued for the public interest.

স্বাক্ষরিত/-
(খুরশীদ আলম)
যুগ্ম-সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার।